হত্যাচেষ্টা মামলায় আত্মসমর্পণ করে জামিন পেলেন পরীমনি



ছবি: সংগৃহীত

ব্যবসায়ী নাসির উদ্দিন মাহমুদের করা মারধর, ভাঙচুর, হত্যাচেষ্টা ও হুমকির মামলায় আদালতে আত্মসমর্পণ করে জামিন পেয়েছেন চিত্রনায়িকা পরীমনি। বুধবার (৪ নভেম্বর) ঢাকার সিনিয়র জুডিশিয়াল ম্যাজিস্ট্রেট মাহফুজুর রহমান শুনানি শেষে তাঁর জামিন মঞ্জুর করেন।

পরীমনির আইনজীবী নীলাঞ্জনা রিফাত (সুরভী) জানান, আদালতের জারি করা গ্রেপ্তারি পরোয়ানার পর পরীমনি স্বেচ্ছায় আত্মসমর্পণ করে জামিনের আবেদন করেন। শুনানি শেষে ৫০০ টাকা মুচলেকায় তাঁর জামিন মঞ্জুর করেন আদালত।

আদালত সূত্রে জানা যায়, এর আগে মামলার সাক্ষ্য গ্রহণের তারিখে পরীমনি হাজির না হওয়ায় বাদীপক্ষ তাঁর জামিন বাতিলের আবেদন করে। অন্যদিকে, অ্যালার্জিজনিত অসুস্থতার কারণে আদালতে উপস্থিত হতে না পারার কথা জানিয়ে সময় চান তাঁর আইনজীবী। পরে বাদীপক্ষের আবেদন গ্রহণ করে জামিন বাতিল ও গ্রেপ্তারি পরোয়ানা জারির আদেশ দেন আদালত।

এর আগে গত বছরের ২৬ জানুয়ারি পরীমনিসহ আসামিদের বিরুদ্ধে অভিযোগ গঠন করে বিচার শুরুর নির্দেশ দেন আদালত। সেদিনও তাঁর বিরুদ্ধে গ্রেপ্তারি পরোয়ানা জারি হয়েছিল। পরে আত্মসমর্পণ করে জামিন পান তিনি।

২০২২ সালের ১৮ জুলাই ঢাকার আদালতে পরীমনির বিরুদ্ধে মারধর, ভাঙচুর, হত্যাচেষ্টা ও হুমকির অভিযোগে মামলা করেন ব্যবসায়ী নাসির উদ্দিন মাহমুদ। মামলার অভিযোগে তিনি বলেন, ২০২১ সালের ৮ জুন পরীমনি ও তাঁর সহযোগীরা সাভারের বোট ক্লাবে যান। সেখানে অ্যালকোহল পান শেষে রাত ১টা ১৫ মিনিটে ক্লাব ছাড়ার সময় পরীমনি তাঁর কাছে ব্লু লেবেল অ্যালকোহলের একটি বোতল বিনা মূল্যে চান। এতে রাজি না হওয়ায় তাঁকে গালমন্দ করা হয় এবং একপর্যায়ে গ্লাস ছুড়ে মারা হয়। এতে তাঁর মাথা ও বুকে আঘাত লাগে বলে অভিযোগ করেন নাসির।

মামলাটি তদন্ত করে গত বছরের এপ্রিলে পরীমনি ও তাঁর কস্টিউম ডিজাইনার জুনায়েদ বোগদাদী জিমির বিরুদ্ধে আদালতে প্রতিবেদন জমা দেয় পুলিশ ব্যুরো অব ইনভেস্টিগেশন (পিবিআই)। তদন্তে জুনায়েদের বিরুদ্ধে নাসিরকে মারধরের অভিযোগ এবং পরীমনির ছোড়া গ্লাসে নাসিরের আঘাত পাওয়ার ঘটনার সত্যতা পাওয়ার কথা জানিয়েছে পুলিশ ও আদালতসংশ্লিষ্ট সূত্র।